

SA
putup
file.
২৩/১০/২০

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

"পল্লী ভবন"

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.brdb.gov.bd

নম্বর- ৪৭.৬২.০০০০.৩০২.১৮.০০১.০৮.৪৭১০

তারিখ- ৩১/০৮/২০২০খ্রি।

পরিপত্র


বিষয় : কর্মচারী কল্যাণ তহবিল/পরিবার নিরাপত্তা তহবিল/গোষ্ঠী বীমা/গৃহ নির্মাণ/মটর সাইকেল ঋণের অর্থ অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে সদর কার্যালয়ে প্রেরণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মাঠপর্যায়ে/প্রকল্প কার্যালয়ে কর্মরত রাজস্ব বাজেটভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের মাসিক বেতন হতে কর্তনকৃত কর্মচারী কল্যাণ তহবিল/পরিবার নিরাপত্তা তহবিল/গোষ্ঠী বীমা/গৃহ নির্মাণ/মটর সাইকেল ঋণের অর্থ সদর কার্যালয়ে প্রেরণের ক্ষেত্রে এখন থেকে নিম্নে বর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে :

- ০২। উপপরিচালকের দপ্তর/প্রকল্প কার্যালয় হতে তার আওতাভুক্ত সবকর্মকর্তা/কর্মচারীর কল্যাণ তহবিল/পরিবার নিরাপত্তা তহবিল/গোষ্ঠী বীমা/গৃহ নির্মাণ/মটর সাইকেল ঋণের অর্থ নিম্নে উল্লিখিত ছক অনুযায়ী অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে জমাপূর্বক ভাউচারের মূলকপি সংরক্ষণ করতে হবে। কর্মকর্তা/কর্মচারীদের তালিকাসহ অর্থ প্রেরণের বিবরণী ০১ (এক) কপি ই-মেইল ddaccts@brdb.gov.bd এবং adaccts1@brdb.gov.bd এ প্রেরণ নিশ্চিত করতে হবে এবং ০১ (এক) কপি ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে ডাকযোগে উপপরিচালক (হিসাব), বিআরডিবি, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে (ন্যায়িত্ত প্রাপ্ত কর্মকর্তা-পরিচালক, বিআরডিবি/আই/উপপরিচালক/প্রকল্প পরিচালক/আঞ্চলিক পরিচালক)।

ক্রমিক নং	ঘাণ্ডের নাম	হিসাব নং	ব্যাংক ও শাখার নাম	হিসাবের শিরোনাম	সদর দপ্তরে প্রেরণের সময়
১.	কর্মচারী কল্যাণ তহবিল	সঞ্চয়ী হিসাব নং ১৫৩৭১১১০০০১১৫২৯	উত্তরা ব্যাংক লিমিটেড, কাওরান বাজার শাখা, ঢাকা	বিআরডিবি কর্মচারী কল্যাণ তহবিল	মে (বাৎসরিক এককালীন)
২.	পরিবার নিরাপত্তা তহবিল	সঞ্চয়ী হিসাব নং ১৫৩৭১১১০০০১১৫২৮	উত্তরা ব্যাংক লিমিটেড, কাওরান বাজার শাখা, ঢাকা	বিআরডিবি পরিবার নিরাপত্তা তহবিল	মে (বাৎসরিক এককালীন)
৩.	গোষ্ঠী বীমা	এসটিডি ০২০০০০০৭৯৮৮৩১	অগ্রণী ব্যাংক লিমিটেড, ওয়াশা কর্পোরেট শাখা, কাওরান বাজার, ঢাকা	মহাপরিচালক, বিআরডিবি	মে (বাৎসরিক এককালীন)
৪.	গৃহ নির্মাণ ঋণ/মটর সাইকেল ঋণ	এসটিডি ০২০০০০০৭৯৮৮৩১	অগ্রণী ব্যাংক লিমিটেড, ওয়াশা কর্পোরেট শাখা, কাওরান বাজার, ঢাকা	মহাপরিচালক, বিআরডিবি	ত্রৈমাসিক ভিত্তিতে (সেক্টর/ডিসেম্বর/মার্চ/জুন)

- ০৩। ২০২০-২০২১ অর্থ বছর হতে বর্ণিত প্রক্রিয়ায় কর্মচারী কল্যাণ তহবিল/পরিবার নিরাপত্তা তহবিল/গোষ্ঠী বীমা/গৃহ নির্মাণ/মটর সাইকেল ঋণের অর্থ সদর দপ্তরে প্রেরণ করতে হবে।
- ০৪। উপজেলা দপ্তর সংশ্লিষ্ট উপপরিচালকের মাধ্যম ব্যতীত বর্ণিত তহবিলের অর্থ সদর দপ্তরে প্রেরণ করতে পারবে না।
- ০৫। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ পরিপত্র জারী করা হলো।



মোঃ ইসমাইল হোসেন
পরিচালক (অর্থ)
ফোন : ৮১৮০০০৫

বিতরণ :

- ০১। পরিচালক (প্রশাসন/পরিকল্পনা/সরেজমিন/প্রশিক্ষণ), বিআরডিবি, ঢাকা।
- ০২। পরিচালক, বিআরডিবি/আই, খাদিমনগর, সিলেট।
- ০৩। মুণ্ডা পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ০৪। প্রকল্প পরিচালক (সকল), বিআরডিবি,-----
- ০৫। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৬। উপপরিচালক (সকল), বিআরডিবি, জেলা দপ্তর,-----
- ০৭। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (সকল), বিআরডিবি,----- উপজেলা,-----
- ০৮। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। সংশ্লিষ্ট নথি।